

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ৮, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ চৈত্র ১৪১৯/০৮ এপ্রিল ২০১৩

নং ০৮.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৪—জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উন্নয়নী  
দক্ষতা বৃক্ষি এবং নাগরিকসেবা প্রদান প্রক্রিয়া দুটি ও সহজীকরণের পথা উত্তোলন ও চর্চার লক্ষ্যে  
সরকার প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে চিফ ইনোভেশন অফিসার এবং সংস্থা/জেলা/উপজেলা  
পর্যায়ে ইনোভেশন অফিসারের নেতৃত্বে একটি করিয়া ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে।  
বর্তমানে বিদ্যমান আইসিটি ফোকাল পয়েন্ট-এর পদনাম মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে চিফ ইনোভেশন  
অফিসার এবং অধিদপ্তর/সংস্থা/জেলা/উপজেলা পর্যায়ে ইনোভেশন অফিসার হিসাবে পরিবর্তিত হইবে।

২। ইনোভেশন টিমের গঠন:

- |                       |                       |  |
|-----------------------|-----------------------|--|
| মন্ত্রণালয়/<br>বিভাগ | চিফ ইনোভেশন<br>অফিসার | - অতিরিক্ত সচিব/যুগ্মসচিব পর্যায়ের একজন<br>কর্মকর্তা;   |
| পর্যায়               | সদস্য                 | - মনোনীত কর্মকর্তা ৩-৫ জন (ন্যূনতম ০১<br>জন করিয়া কর্মকর্তা আইসিটি ও পরিকল্পনা<br>অনুবিভাগ/ অধিশাখা/শাখা হইতে মনোনীত<br>হইবেন)।   |
|                       |                       | মন্ত্রণালয়/বিভাগে বর্তমানে বিদ্যমান ওয়ার্ক<br>ইমপ্রুভমেন্ট টিম (Work Improvement<br>Team/ WIT) ইনোভেশন টিম হিসাবে<br>রূপান্তরিত হইবে এবং WIT-প্রধান চিফ<br>ইনোভেশন অফিসার হিসাবে মনোনীত হইবেন। |

অধিদপ্তর/ সংস্থা পর্যায়	ইনোভেশন অফিসার সদস্য	- পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা; - মনোনীত কর্মকর্তা ৩-৫ জন (ন্যূনতম ০১ জন করিয়া কর্মকর্তা আইসিটি/ পরিকল্পনা সেল হইতে মনোনীত হইবেন)।
জেলা পর্যায়	ইনোভেশন অফিসার সদস্য	- অতিরিক্ত জেলা প্রশাসক; - সহকারী কমিশনার ১ জন; জেলার অন্যান্য দপ্তর থেকে মনোনীত কর্মকর্তা ৩-৫ জন।
উপজেলা পর্যায়	ইনোভেশন অফিসার সদস্য	- উপজেলা নির্বাহী অফিসার; - সহকারী কমিশনার (ভূমি); উপজেলার অন্যান্য দপ্তর থেকে মনোনীত কর্মকর্তা ৩-৫ জন।

### ৩। ইনোভেশন টিমের সদস্য মনোনয়নের ক্ষেত্রে বিবেচ্য পূর্বদক্ষতা:

উচ্চতর প্রশিক্ষণ/শিক্ষা গ্রহণকারী, অতিরিক্ত দায়িত্বগ্রহণ ও নতুন উদ্ভাবনীমূলক কাজে আগ্রহী, নেতৃত্ব প্রদানে সক্ষম, দলীয়ভাবে কাজ করিতে স্বচ্ছন্দ এবং অন্যকে সহায়তা করিবার মানসিকতা ও ক্ষমতাসম্পন্ন কর্মকর্তাগণকে এই টিমের সদস্য হিসাবে মনোনয়নের জন্য বিবেচনা করা যাইতে পারে। বদলিজনিত বা অন্য কোন যুক্তিসংজ্ঞাত কারণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সময়ে সময়ে চিফ ইনোভেশন অফিসার/ইনোভেশন অফিসার এবং ইনোভেশন টিমের সদস্য পরিবর্তন করিতে পারিবেন। মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে সচিব, অধিদপ্তর/সংস্থা পর্যায়ে অধিদপ্তর/সংস্থাপ্রধান এবং জেলা ও উপজেলা পর্যায়ে জেলা প্রশাসক ইনোভেশন টিম গঠন করিবেন।

### ৪। ইনোভেশন টিমের কার্যপরিধি:

- (১) স্ব স্ব কার্যালয়ের সেবাপ্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন;
- (২) এই সংক্রান্ত কার্যক্রমের বাংসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমষ্টি সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;
- (৩) প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমষ্টি সভায় উপস্থাপন;
- (৪) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সহিত যোগাযোগ ও সমষ্টি সাধন; এবং
- (৫) প্রতি বৎসর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাংসরিক প্রতিবেদন প্রণয়ন, উহা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং স্বীয় ওয়েবসাইটে প্রকাশ করা।

